বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/ছেঁড়ানোট/২০২১-২০২২/৪৪৯

তারিখঃ ০৫-১০-২০২১

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ নুতন ও পুনঃ প্রচলনযোগ্য ব্যাংক নোট/ কারেন্সীর উপর লেখা, সীল প্রদান এবং নোটের প্যাকেটে স্ট্যাপলিং পরিহার প্রসংগে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) হতে ২৫ ভাদ্র, ১৪২৬/০৯ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে জারীকৃত ডিসিএম সার্কুলার নং-০৬/২০১৯ এবং শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে ১৫-০৯-২০১৯ তারিখে জারীকৃত পরিপত্র নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৯-২০২০/৩৬৪ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপযুক্ত বিষয়ে নোট গণনাকারী কর্তৃক প্রতিটি প্যাকেটে নোটের সংখ্যা সম্পর্কে নিশ্চিত হয়ে প্যাকেট ব্যান্ডিং করার পর সংশ্লিষ্ট ব্যাংকের নাম, সীল, নোট গণনাকারীর স্বাক্ষর ও তারিখ সম্বলিত লেবেল/ফ্ল্যাইলিফ লাগানোর বিধান থাকলেও সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত নির্দেশনা সংঘন করে সরাসরি টাকার উপর সংখ্যা ও তারিখ লেখা, শাখার সীল, স্বাক্ষর ও অনুস্বাক্ষর প্রদান, স্ট্যাপলিং ইত্যাদি করা হচ্ছে। ফলে নোটসমূহ অপেক্ষাকৃত কম সময়ে অপ্রচলনযোগ্য হবার পাশাপাশি গ্রাহকরাও ভোগান্তির শিকার হচ্ছেন। সর্বোপরি রাষ্ট্রীয় অর্থের অপচয় হচ্ছে। এরূপ কার্যক্রম বাংলাদেশ ব্যাংকের ক্লিন নোট পলিসি বাস্তবায়নের ক্ষেত্রে অন্যতম অন্তরায় যা মোটেই কাংখিত নয়।

০৩। ব্যাংকসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে কারেন্সী/ব্যাংক নোট জমা দেওয়ার ক্ষেত্রে পুনঃপ্রচলনযোগ্য (Reissuable) নোটের প্যাকেটে আবশ্যিকভাবে পুনঃপ্রচলনযোগ্য নোট থাকার কথা থাকলে অনেক ক্ষেত্রে সেখানে (Mutilated Note, Non-issue Note, Soile Note, Built-up Note, Mismatched Note ইত্যাদি পাওয়া যাচ্ছে। এতদ্ব্যতীত নিম্নরূপ ব্যত্যয়/অনিয়মসমূহও পরিলক্ষিত হচ্ছে ঃ

(ক) গণনাকৃত প্যাকেটে সঠিক সংখ্যার চেয়ে নোট কম থাকা ;
(খ) উচ্চ মূল্যমানের নোটের প্যাকেটে কম মূল্যমানের নোট থাকা ;
(গ) উচ্চমূল্যের ভিন্ন ভিন্ন সিরিয়াল এর দুটি Claim Notes এর অংশ নিখুঁতভাবে জোড়া দিয়ে, অর্থাৎ built-up note তৈরী করে পুনঃপ্রচলযোগ্য নোটের প্যাকেটে রাখা ; এবং
(ঘ) পুনঃপ্রচলযোগ্য নোটের প্যাকেটে জাল নোট থাকা।

০৪। উক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট ২৮ সেপ্টেম্বর, ২০২১/১৩ আশ্বিন ১৪২৮ ডিসিএম সার্কুলার নং-০৪/২০২১ এর মাধ্যমে পুনরায় নির্দেশনা প্রদান করেছেন (কপি সংযুক্ত)।

০৫। এমতাবস্থায়, গণনাকালে নোটের উপর লেখা, স্বাক্ষর, সীল প্রদান এবং নোটের প্যাকেটে স্ট্যাপলিং (১০০০ টাকার মূল্যমান নোট ব্যতীত) হতে বিরত থাকা এবং প্যাকেটে নোটের সংখ্যা সম্পর্কে নিশ্চিত হয়ে প্যাকেট ব্যান্ডিং করার পর সংশ্লিষ্ট ব্যাংক শাখার নাম, সীল, নোট গণনাকারীর স্বাক্ষর ও তারিখ সম্বলিত লেবেল/ফ্ল্যাইলিফ লাগানোর বিষয়টি কঠোরভাবে পরিপালন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশনা দেয়া হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি ০১(এক) পাতা।

আপনার বিশ্বস্ত,
০৫/১০/২০২২
জামিল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ
০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। মহাব্যবস্থাপক, ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৬। নথি/মহানথি।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
Website: www.bb.org.bd

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ১১১৫ তারিখ ঃ ৩০/৯/২১
ডিএমডি.......

ডিসিএম সার্কুলার লেটার নং- ০৪/২০২১

তারিখ ঃ ২৮ সেপ্টেম্বর, ২০২১
১৩ আশ্বিন, ১৪২৮

ডিজিএম.......

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক**

**নতুন ও পুনঃপ্রচলনযোগ্য ব্যাংক/কারেন্সী নোটের উপর লেখা, সীল প্রদান এবং নোটের প্যাকেটে স্ট্যাপলিং পরিহার প্রসঙ্গে ।**

প্রিয় মহোদয়,

১। শিরোনামে বর্ণিত বিষয়ে ডিসিএম সার্কুলার নং-০১/২০১৫ তারিখ ঃ ০৮ জানুয়ারী, ২০১৫ এবং ডিসিএম সার্কুলার নং-০৬/২০১৯ তারিখ ঃ ৯ সেপ্টেম্বর, ২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

২। উপর্যুক্ত সার্কুলারসমূহে নোট গণনাকারী কর্তৃক প্রতিটি প্যাকেটে নোটের সংখ্যা সম্পর্কে নিশ্চিত হয়ে প্যাকেট ব্যান্ডিং করার পর সংশ্লিষ্ট ব্যাংক শাখার নাম, সীল, নোট গণনাকারীর স্বাক্ষর ও তারিখ সম্বলিত লেবেল/ফ্ল্যাইলিফ লাগানোর বিধান থাকলেও সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত নির্দেশনা লংঘন করে সরাসরি টাকার উপর সংখ্যা ও তারিখ লেখা, শাখার সীল, স্বাক্ষর ও অনুস্বাক্ষর প্রদান, স্ট্যাপলিং ইত্যাদি করা হচ্ছে। ফলে, নোটসমূহ অপেক্ষাকৃত কম সময়ে অপ্রচলনযোগ্য হবার পাশাপাশি গ্রাহকরাও ভোগান্তির শিকার হচ্ছেন। সর্বোপরি রাষ্ট্রীয় অর্থেরও অপচয় হচ্ছে। এরূপ কার্যক্রম বাংলাদেশ ব্যাংকের ক্লিন নোট পলিসি বাস্তবায়নের ক্ষেত্রে অন্যতম অন্তরায় যা মোটেই কাংক্ষিত নয়।

৩। তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে কারেন্সী/ব্যাংক নোট জমা দেওয়ার ক্ষেত্রে পুনঃপ্রচলনযোগ্য (Reissuable) নোটের প্যাকেটে আবশ্যিকভাবে পুনঃপ্রচলনযোগ্য নোট থাকার কথা থাকলেও অনেক ক্ষেত্রে সেখানে Mutilated Note, Non-issue Note, Claims Note, Soiled Note, Built-up Note, Mismatched Note ইত্যাদি পাওয়া যাচ্ছে। এতদ্ব্যতীত, নিম্নরূপ ব্যত্যয়/অনিয়মসমূহও পরিলক্ষিত হচ্ছে ঃ

ক) গণনাকৃত প্যাকেটে সঠিক সংখ্যার চেয়ে নোট কম থাকা;
খ) উচ্চ মূল্যমান নোটের প্যাকেটে কম মূল্যমানের নোট থাকা;
গ) উচ্চমূল্যের ভিন্ন ভিন্ন সিরিয়াল এর দুটি claim notes এর অংশ নিখুঁতভাবে জোড়া দিয়ে, অর্থাৎ, built-up note তৈরী করে পুনঃপ্রচলনযোগ্য নোটের প্যাকেটে রাখা; এবং
ঘ) পুনঃপ্রচলনযোগ্য নোটের প্যাকেটে জাল নোট থাকা।

০৪। বর্ণিত প্রেক্ষাপটে, গণনাকালে নোটের উপর লেখা,স্বাক্ষর,সীল প্রদান এবং নোটের প্যাকেটে স্ট্যাপলিং (১০০০ টাকা মূল্যমান নোট ব্যতীত) হতে বিরত থাকা এবং প্যাকেটে নোটের সংখ্যা সম্পর্কে নিশ্চিত হয়ে প্যাকেট ব্যান্ডিং করার পর সংশ্লিষ্ট ব্যাংক শাখার নাম, সীল,নোট গণনাকারীর স্বাক্ষর ও তারিখ সম্বলিত লেবেল/ফ্ল্যাইলিফ লাগানোর বিষয়টি কঠোরভাবে পরিপালন নিশ্চিত করা এবং বাংলাদেশ ব্যাংকে কারেন্সী নোট/ব্যাংক নোট জমা দেওয়ার ক্ষেত্রে ডিসিএম সার্কুলার নং ৩/২০১৯, তারিখঃ ২১-০৫-২০১৯. ডিসিএম সার্কুলার নং ২/২০১৬, তারিখঃ ৩১-০১-২০১৬. পরিপত্র নং ইহিশাঃ ২৩(পলিসি)/২০১৩-১৫, তারিখঃ ১৪-০১-২০১৩ এবং ডিসিএম সার্কুলার নং ১৪/২০১৫, তারিখঃ ০৭-১২-২০১৫ এ বর্ণিত সকল বিধি-বিধান ও নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য আপনাদেরকে পুনরায় নির্দেশনা দেওয়া গেল।

৫। ব্যাংক কোম্পানী আইন-১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো।

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং- ৪১০ তারিখ ০৬/১০/২১
উমব্য,এইচআরএমডি- /ক্রেডিট/বাণিজ্য/
প্রকিউরমেন্ট/বিসিবিডি/আদায়
মহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ রজব আলী)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০০৯

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং........ তারিখ........
এজিএম........
পিও/এসপিও........
এসও/কর্মকর্তা MR. Khalaleq